

ঢাকসুতে শিবিরের প্যানেলে ৪ নারী শিক্ষার্থী, কে কোন পদে?

অনলাইন ডেক্স



ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (ডাকসু) নির্বাচনে

অংশগ্রহণের জন্য বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির ২৮ সদস্যের

পূর্ণাঙ্গ প্যানেল ঘোষণা করেছে। এই প্যানেলে সহসভাপতি (ভিপি)

পদে ছাত্রশিবিরের কেন্দ্রীয় প্রকাশনা সম্পাদক সাদিক কায়েম ও

সাধারণ সম্পাদক (জিএস) পদে প্রার্থী হিসেবে রয়েছেন ঢাবি

শাখার সভাপতি এস এম ফরহাদ।

সোমবার (১৮ আগস্ট) ঢাকা বিশ্ববিদ্যালয়ের নওয়াব নবাব আলী

সিনেট ভবনের তৃতীয় তলায় চিফ রিটার্নিং অফিসারের কার্যালয়ে

মনোনয়নপত্র সংগ্রহের পর এক সংবাদ সম্মেলনে প্যানেলের

বিস্তারিত তুলে ধরেন ছাত্রশিবিরের নেতৃত্বক্ষেত্রে।

ছাত্রশিবির ঘোষিত প্যানেলে স্থান পেয়েছেন চার নারী শিক্ষার্থী।

মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক পদে ইনকিলাব মধ্যে

থেকে যুক্ত হয়েছেন ফাতিমা তাসনীম জুমা। তিনি সুফিয়া কামাল

হলের ২০২১-২২ সেশনের আবাসিক শিক্ষার্থী।

কমনরূম, রিডিংরূম ও ক্যাফেটেরিয়া সম্পাদক পদে লড়বেন

ইংরেজি বিভাগের ২০২০-২১ সেশনের উম্মে সালমা। তিনি

সুফিয়া কামাল হলের অনাবসিক শিক্ষার্থী।

ঢাবি ছাত্রী সংস্থার সভানেত্রী সাবিকুণ্ঠাহার তামাঙ্গা লড়বেন সদস্য

পদে। তিনি ২০১৯-২০ সেশনের শিক্ষার্থী।

আর ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ২০১৯-২০ সেশনের

শিক্ষার্থী আফাসানা আক্তার এই প্যানেলে লড়বেন সদস্য পদে।

তিনি কুয়েত-মেট্রী হলের শিক্ষার্থী।